


১৪২৯ বঙ্গাদের সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

- ০১। ১৪২৯ বঙ্গাদের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য আস্থায়ী ভিত্তিতে হাট-বাজার ইজারা দেয়া হবে। এখানে উল্লিখিত শর্তাবলী ছাড়াও সরকার জারিকৃত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশাংশ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমষ্টি করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যহত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপণ করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক ২য় পর্যায়ে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র প্রাপ্তের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
- ০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিকস্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।
- ১০। ইজারার সমষ্ট অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিনি) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নম-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।
- ১২। ইজারাদার মিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র প্রহণযোগ্য হবে না এবং উদ্রূত দর কথায় লিখতে হবে।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রে যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।
- ১৮। দরপত্র দাখিলকারী স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার নাগরিক সনদ দরপত্রের সাথে সংযুক্ত করিবেন।
- ১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যাতিরেকে যে কোন দরপত্র প্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


মিস্টন রায়
১৫/০২/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার

E-mail : unocoxsbazar@mopa.gov.bd